7

দৈনিক সংবাদ

তারিখ 0 5 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

# রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের মতামত চেয়েছেন

## ৯০ দিন প্রসঙ্গ ঃ স্পিকারকে জানালেন আইনমন্ত্রী

(সংসদ বার্তা পরিবেশক) বিরোধীদলের সাংসদদের একটানা ৯০টি বৈঠক দিবস অনুপস্থিতির ব্যাপারে রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের কাছে মতামত চেয়ে পাঠিয়েছেন বলে গতকাল মঙ্গলবার আইনমন্ত্রী মির্জা গোলাম হাফিজ সংসদে স্পিকারকে অবহিত করেন। তিনি স্পিকারকে কার্যপ্রণালী বিধির ১৭৮ (৩) বিধিতে যে কার্যক্রম রয়েছে তা সুপ্রিম কোর্টের মতামত না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার জন্য অনুরোধ জানান। স্পিকার সঙ্গে সঙ্গে কণ্ঠভোটে হাউসের মতামত চাইলে সবাই সম্মতি দেন।

মাগরিবের বিরতির পর গতকাল সন্ধ্যা ৭-৫০ মিনিটে অধিবেশন শুরু হলে স্পিকার শেখ রাজ্জাক আলী সভাপতিত্ব গ্রহণ করেন। শুরুতেই আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মির্জা গোলাম হাফিজ বলেন, বিরোধীদলের সাংসদদের ৯০ বৈঠক দিবস অনুপস্থিতির বিষয়ে সংবিধানের ১০৬ ধারা মতে রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টে মতামত চেয়ে পাঠিয়েছেন। তার একটা কপি আপনার (স্পিকার) কাছেও পাঠানো হয়েছে।

আইনমন্ত্রী সুপ্রিম কোর্টের মতামত না পাওয়া পর্যন্ত কার্যপ্রণালী বিধির ১৭৮ (৩)-এর কার্যক্রম স্থগিত রাখার অনুরোধ করেন।

স্পিকার সঙ্গে সঙ্গে প্রস্তাবটি ভোটে দেন এবং বলেন, সংসদ কি একমত? সঙ্গে সঙ্গে কণ্ঠভোটে সংসদ সম্মতি জানায়। স্পিকার ঘোষণা করেন যে, প্রস্তাবটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হলো। সংসদ উপনেতা ডাঃ বদরুদ্দোজা চৌধুরী ফ্লোর নিয়ে বলেন, সুপ্রিম কোর্টের মতামত চাওয়া রাষ্ট্রপতির এক্তিয়ার। এ ব্যাপারে হাউসের মতামত নেয়া কি ঠিক হলো?

স্পিকার বলেন, কার্যপ্রণালী বিধির ১৭৮ (৩) অনুযায়ী সংসদের এটা জানবার কথা। এটা সংসদের অধিকার। আইনমন্ত্রী তা জানালেন।

সংসদ উপনেতা বলেন, আইনমন্ত্রী যেমন বললেন, আপনি 'সংসদকে অবহিত করা হলো' এভাবে বলতে পারতেন। স্পিকার বলেন, আপনার কথা আমার কাছে স্পষ্ট নয়।

চিফ হুইপ খন্দকার রাষ্ট্রপতি ঃ পৃঃ ৮ কঃ ৬

### রাষ্ট্রপতি ঃ সুপ্রিম কোর্টের মত চেয়েছেন

১ম পৃষ্ঠার পর দেলোয়ার হোসেন ফ্লোর নিয়ে বলেন, ৩০০ বিধি ছাড়া মন্ত্রীর বলার অভ্যাস কি না তা আমার জানা নেই। স্পিকার বলেন, এ নিয়ে বিতর্ক হতে পারে না।

চিফ হুইপ বলেন, আমাদের সংসদ সার্বভৌম, এখানে কোন সমস্যা হলে তা আমরাই সমাধান করব। রাষ্ট্রপতি আইনগত পরামর্শের জন্য সুপ্রিম কোর্টে পাঠিয়েছেন। সংসদ কি করবে? স্বাধীন সার্বভৌম সংসদে আমরা সমস্যার সমাধান করব।

স্পিকার বলেন, এটা তো সংসদ পাঠাচ্ছে না।

চিফ হুইপ বলেন, এতে সংসদের মতামতের কোন প্রয়োজন নেই।

স্পিকার বলেন, আপনার আপত্তি গ্রহণযোগ্য। সংসদের কার্যবিবরণীতে এটা রেকর্ড হলো। তিনি আরও বলেন, রাষ্ট্রপতি মতামত চেয়ে পাঠিয়েছেন। আদালতের নিষেধাজ্ঞা বা রায় নয়। আইনমন্ত্রী কার্যপ্রণালী বিধির ১৭৮ (৩) বিধির কার্যক্রম স্থগিত রাখতে বলেছেন। আমি সে ব্যাপারে হাউসের মতামত নিলাম।

চিফ হুইপ বলেন, আমাদের নিবেদন, হাউসের মতামত দেয়ার অবকাশ নেই। আইনমন্ত্রী অবহিত করেছেন। আমরা শুনলাম। আমাদের মতামতের বিষয় এখানে নেই।